মুজিবনগরে,৭ই মার্চ, জাতীয় শিশু দিবস ও স্বাধীনতা দিবসের প্রস্ততি সভা

ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্য দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস পালন উপলক্ষে মুজিবনগরে প্রস্ততিমূলক সভা করেছে উপজেলা প্রশাসন।

রবিবার বেলা সাড়ে ১১ টার সময় উপজেলা পরিষদ অডিটরিয়ামে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

প্রস্তুুতি সভায় আরো উপস্হিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান,উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দীন,উপজেলা যুবমহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন,বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান, বাগোয়ান ইউনিয়ন চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউনিয়ন চেয়ারম্যান মফিজুর রহমান সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,স্কুলের প্রধান শিক্ষক,এনজিও প্রতিনিধি,পুলিশ প্রতিনিধি,বিজিবি প্রতিনিধি,সাংবাদিকবৃন্দ।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায়

মহান স্বাধীনতা দিবস পালিত

৪৯ তম মহান স্বাধীনতা দিবস দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগ করোনা ভাইরাস আতঙ্কে সংক্ষিপ্ত আকারে পতাকা উত্তোলন করেছে।

আজ বৃহস্পতিবার সকাল ৭ টায় দলীয় কার্যালয়ে সম্মূখে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শফিকউর রহমান দলীয়, যুগ্ম সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস জাতীয় পতাকা উত্তোলন সহ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পঅর্পন করেন।

এ সময় উপস্হিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি সহিদুল হক,ইউনিয়ন আ,লীগের সহসভাপতি আব্দুল কাদের বিশ্বাস, সাংগাঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক নুর ইসলাম, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, যুগ্ম সম্পাদক শরিফ রতন, কৃষকলীগের সাধারণ সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, আ,লীগ নেতা সাঈদুর রহমান সাঈদ, শেখ মজিবর রহমান,হামিদুল হক তরফদার, রবি মন্ডল, শফিকুল ইসলাম যুবলীগ নেতা শামিম চৌধুরী, মঞ্জুর রাশেদ তুহিন, বিল্লাল হোসেন প্রমুখ।

মহান স্বাধীনতা দিবসে মেহেরপুর জেলা বিএনপির পুস্পমাল্য অর্পণ

২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবসে শহীদদের প্রতি সম্মান জানিয়ে শহীদ বেদীতে পুস্পমাল্য অর্পণ করেছেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুর মাসুদ অরুনের নেতৃত্বে শহীদ বেদীতে পুস্পমাল্য অর্পণ করা হয়।

এসময় সময় জেলা বিএনপির অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে সংক্ষিপ্ত পরিসরে স্বাধীনতা দিবস পালন

মুজিবনগরে স্বল্প জনসমাগমে সংক্ষিপ্ত পরিসরে যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে।

বৃহস্প্রতিবার সকালে সূর্যোদয়ের সাথে সাথে এ উপলক্ষে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করা হয়।

উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী,মুজিবনগর থানার পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম ও উপজেলা আওয়ামীলীগের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দীন বিশ্বাস।

এ সময় বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন, উপজেলা এলজিইডি ইন্জিনিয়ার শাহীন আক্তার, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার উপস্থিত ছিলেন। পুষ্পমাল অর্পন শেষে পতাকা উত্তলোন করা হয়। এবং ১ মিনিট নিরবতা পালন করে দোয়া করা হয়।

এর আগে ৩১ বার তপধনির মধ্যে দিয়ে দিবসটির শুভ সূচনা করা হয়।

চুয়াডাঙ্গায় মহান স্বাধীনতা দিবস উদযাপন

করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রোধে মহান স্বাধীনতা দিবসের কর্মসূচি চুয়াডাঙ্গায় সীমিত আকারে পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে জেলা আওয়ামী লীগ দলীয় কার্যালয়ে জাতীয়

পতাকা উত্তোলন করেন জেলা আওয়ামী লীগের যুগ্মসাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন ও দলীয় পতাকা উত্তোলন করেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুর রহমান লিটু এর পর জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

চুয়াডাঙ্গা সদর থানা চত্বরে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের সুচনা করা হয়।

অপরদিকে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরের বঙ্গবন্ধু ও বঙ্গমাতার ম্যুরালের সামনে সকাল ৮টায় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার জাতীয় পতাকা উত্তোলন করেন। এ সময় পুলিশ সুপার জাহিদুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গাংনীতে পৃথক পৃথক ভাবে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

মেহেরপুরের গাংনীতে স্বল্প পরিসরে উদযাপিত হয়েছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। বৈশ্বিক ব্যাধি নোভেল করোনা ভাইরাসের কারণে বৃহস্পতিবার সকালে উপজেলা প্রশাসন ও দলীয় পর্যায়ে পৃথক ভাবে কর্মসূচী পালন করা হয়েছে।

গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সূর্যোদয়ের সাথে সাথে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের সূচনা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক। পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

উপজেলা প্রশাসনের পক্ষে পুস্পস্তবক অর্পণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবায়দুর রহমান ও সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন। পরে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ গাংনী কমান্ড, বাংলাদেশ পুলিশ গাংনী থানা ও পৌর আওয়ামীলীগের পক্ষ থেকে উপজেলা শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ

করা হয়।

এ সময় গাংনী থানা কর্মকর্তা (তদন্ত ওসি) সাজেদুল ইসলাম, সাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান একেএম শফিকুল আলমসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীসহ সরকারি অফিসের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও পুলিশ বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন। পরে নোভেল করোনা ভাইরাসের প্রতিকার ও শহীদদের আত্মার মাগফেরাত করে বিশেষ মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন উপজেলা পরিষদ মসজিদের পেশ ঈমাম ইলিয়াস হোসেন।

অপর দিকে বৃহস্পতিবার সকাল ৭ টার দিকে গাংনী বাসষ্ট্যান্ডের রেজাউল চত্বরে পৌর আওয়ামী লীগের আয়োজনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

দলীয় পতাকা উত্তোলন করেন পৌর আওয়ামী লীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলু ও সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, যুবলীগের সভাপতি আশরাফউদ্দিন বাবু, উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক অনিক, স্বেচ্ছাসেবক লীগের আরিফুল ইসলাম সোবহান ও কৃষকলীগের সাধারণ সম্পাদক আতিয়ার রহমান নিজ নিজ সংগঠনের পতাকা উত্তোলন করেন। এ সময় সংশ্লিষ্ট সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সকাল ৮ টার দিকে উপজেলা আওয়ামী লীগের আয়োজনে গাংনী বাসষ্ট্যান্ডের রেজাউল চত্বরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। ৭৪ মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জাতীয় পতাকা উত্তোলন করেন।

পরে যুবলীগের পতাকা সাবেক প্যানেল মেয়র নবীর উদ্দিন, দলীয় পতাকা উপজেলা আওয়ামী লীগের গোলাম মোস্তফা, ছাত্রলীগের পতাকা হাসিবুর রহমান, স্বেচ্ছাসেবক লীগের পতাকা আবুল বাশার, তাঁতী লীগের পতাকা মনিরুল ইসলাম ও আঃ মজিদ, মৎস্য লীগের পতাকা আলম ও খলিলুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন পৌর মেয়র আশরাফুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার,বিশিষ্ট আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু ।